

কোন কোটি মানুষের জন্য প্রতিদিন

যায়যায়দিন

১৯৮৪ থেকে

২৪ এপ্রিল ২০১৯

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে কনফারেন্স



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শুরু হতে যাচ্ছে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)-২০১৯। কাল রাজধানীর হোটেল ওয়েস্টিনে শুরু হচ্ছে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল। শিক্ষামন্ত্রী ড. দিপু মনি ২৬ এপ্রিল প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে এসিআই গ্রন্থপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও কনফারেন্সের প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব উপস্থিত থাকবেন। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ। কনফারেন্সে চারটি মূল প্রবন্ধ, নয়টি আমন্ত্রিত প্রবন্ধ, আটটি শিল্প সংক্রান্ত

প্রবন্ধ

ও

২৮টি

প্যারালাল

সেশনে

বিজনেস

অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হবে